

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ডামুড্যা, শরীয়তপুর।

আদেশ নং ২৫৬

তারিখ : ১১/১২/২০২২

যেহেতু আতলাকুড়ি ছয়ারগাড়িয়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটি তাদের মেয়াদ কালের মধ্যে নির্বাচনের মাধ্যমে নতুন ব্যবস্থাপনা কমিটি গঠনে ব্যর্থ হওয়ার ফলে বর্তমানে সমিতির ব্যবস্থাপনা কমিটিতে শূন্যতা বিরাজ করছে সেহেতু সমিতির স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ও নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত ২০০২, ২০১৩) এর ১৮(৭)ধারা মোতাবেক নিম্নবর্ণিত ভাবে সমিতির সদস্যগণের সমন্বয়ে আতলাকুড়ি ছয়ারগাড়িয়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ দেওয়া হ'ল। আলোচ্য কমিটি মেয়াদ আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

ক্রঃনং	নাম	পদবী
০১	জনাব জাহাঙ্গীর বেপারী সদস্য নং-১২৮, আতলাকুড়ি ছয়ারগাড়িয়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, ডামুড্যা, শরীয়তপুর।	সভাপতি
০২	জনাব মোঃ নুরুল হক সদস্য নং-০৫, আতলাকুড়ি ছয়ারগাড়িয়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, ডামুড্যা, শরীয়তপুর।	সদস্য
০৩	জনাব আবুল কালাম সদস্য নং-৬২, আতলাকুড়ি ছয়ারগাড়িয়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, ডামুড্যা, শরীয়তপুর।	সদস্য

নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তাদের মেয়াদকালের মধ্যে বিশেষ সাধারণ সভা আহ্বান করে সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারিকৃত নির্বাচন সংক্রান্ত পরিপত্র মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করবেন।

- ০১। অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি খসড়া ভোটার তালিকা অনুমোদন করে সকল সদস্যের নিকট প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- ০২। নির্বাচনের তারিখ নির্ধারণ করে নির্বাচনী নোটিশ সকল সদস্যের নিকট প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- ০৩। নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি সমবায় আইন ও বিধি মোতাবেক সমিতির কার্যক্রম পরিচালনা করবেন।




(মোঃ রাশেদ আলম)
উপজেলা সমবায় অফিসার
ডামুড্যা, শরীয়তপুর।

স্মারকনং ২৫৬/১০৮৫

তারিখ : ১১/১২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। জেলা সমবায় অফিসার, শরীয়তপুর।
- ০২। জনাব জাহাঙ্গীর বেপারী, সভাপতি/ জনাব মোঃ নুরুল হক, সদস্য/ জনাব আবুল কালাম, সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, আতলাকুড়ি ছয়ারগাড়িয়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, ডামুড্যা, শরীয়তপুর। সমিতির সকল দায়িত্বভার গ্রহণ পূর্বক অত্র কার্যালয়কে অবহিত করবেন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী কার্য পরিচালনা করার জন্য বলা হলো।
- ০৩। জনাব মোঃ মিজানুর রহমান, সভাপতি, মেয়াদোত্তীর্ণ অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি তাকে বর্তমান অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট অনতিবিলম্বে সমিতির সকল খাতা পত্র ও রেকর্ড পত্র সহ দায়িত্ব ভার হস্তান্তর করার জন্য বলা হলো।
- ০৪। সংশ্লিষ্ট নথি।



(মোঃ রাশেদ আলম)
উপজেলা সমবায় অফিসার
ডামুড্যা, শরীয়তপুর।